# সুনান আদ-দারাকুতনী

হাদিস নাম্বারঃ ৯৯৭

৩. নামায (كتاب الصلاة)

পরিচ্ছেদঃ ১০. জিবরীল (আ.) এর ইমামতি

## بَابُ إِمَامَةِ جِبْرِيلَ

আরবী

ثَنَا أَبُو طَالِبٍ أَحْمَدُ بْنُ نَصْرِ بْنِ طَالِبٍ ، ثَنَا أَبُو حَمْزَةَ إِدْرِيسُ بْنُ يُونُسَ بْنِ يَنَّاقٍ الْفَرَّاءُ ، ثَنَا مُحَمَّدُ بْنُ سَعِيدِ بْنِ جِدَارٍ ، ثَنَا جَرِيرُ بْنُ حَازِمٍ ، عَنْ قَتَادَةَ ، عَنْ أَنَسِ بْنِ مَالِكٍ : " أَنَّ جِبْرِيلَ ـ عَلَيْهِ السَّلَامُ ـ أَتَى النَّبِيَّ ـ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ ـ بِمَكَّةَ حِينَ زَالَتِ الشَّمْسُ وَأَمَرَهُ أَنْ يُؤَذِّنَ لِلنَّاسِ بِالصَّلَاةِ حِينَ فُرِضَتْ عَلَيْهِمْ ، فَقَامَ جِبْرِيلُ أَمَامَ النَّبِيِّ ـ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ ـ وَقَامَ النَّاسُ خَلْفَ رَسُولِ اللَّهِ ـ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ ـ قَالَ : فَصَلَّى أَرْبَعَ رَكَعَاتٍ لَا يَجْهَرُ فِيهَا بِقِرَاءَةٍ ، يَأْتَمُّ النَّاسُ بِرَسُولِ اللَّهِ ـ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ ـ وَيَأْتَمُّ رَسُولُ اللَّهِ ـ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ ـ بِجِبْرِيلَ ، ثُمَّ أَمْهَلَ حَتَّى إِذَا جَاءَ وَقْتُ الْعَصْرِ ، صَلَّى بِهِمْ أَرْبَعَ رَكَعَاتٍ لَا يَجْهَرُ فِيهَا بِالْقِرَاءَةِ ، يَأْتَمُّ الْمُسْلِمُونَ بِرَسُولِ اللَّهِ ـ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ ـ وَيَأْتَمُّ رَسُولُ اللَّهِ ـ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ ـ بِجِبْرِيلَ ، ثُمَّ أَمْهَلَ حَتَّى إِذَا وَجَبَتِ الشَّمْسُ ، صَلَّى بِهِمْ ثَلَاثَ رَكَعَاتٍ يَجْهَرُ فِي رَكْعَتَيْنِ بِالْقِرَاءَةِ ، وَلَا يَجْهَرُ فِي الثَّالِثَةِ ، ثُمَّ أَمْهَلَهُ حَتَّى إِذَا ذَهَبَ ثُلُثُ اللَّيْلِ ، صَلَّى بِهِمْ أَرْبَعَ رَكَعَاتٍ يَجْهَرُ فِي الْأُولَيَيْنِ بِالْقِرَاءَةِ ، وَلَا يَجْهَرُ فِي الْأُخْرَيَيْنِ بِالْقِرَاءَةِ ، ثُمَّ أَمْهَلَ حَتَّى إِذَا طَلَعَ الْفَجْرُ صَلَّى بِهِمْ رَكْعَتَيْنِ يَجْهَرُ فِيهِمَا بِالْقِرَاءَةِ

বাংলা

৯৯৭(১৪). আবু তালিব আহমাদ ইবনে নাসর ইবনে তালিব (রহঃ) ... আনাস (রাঃ) থেকে বর্ণিত। জিবরীল (আ.) মক্কায় নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম এর নিকট আসলেন যখন সূর্য কেবল ঢলে পড়েছে এবং তিনি তাঁকে নামায পড়ার জন্য লোকজনকে ডাকার নির্দেশ দিলেন যখন তাদের উপর নামায ফরজ করা হলো। অতএব জিবরীল (আ.) নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম এর সামনে দাঁড়ালেন এবং লোকজন রাসূলুল্লাহ সাল্লাল্লাহু

আলাইহি ওয়াসাল্লাম এর পিছনে দাঁড়ালেন। রাবী বলেন, জিবরীল (আ.) চার রাআত নামায পড়ালেন এবং তাতে সশব্দে কিরাআত পড়েননি। লোকজন রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম এর ইকতিদা করলেন এবং রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম জিবরীল (আ.)-এর ইকতিদা করলেন। তারপর তিনি অপেক্ষা করলেন আসরের নামাযের ওয়াক্ত হওয়া পর্যন্ত। জিবরীল (আ.) তাদের চার রাকআত নামায পড়ালেন এবং তাতে সশব্দে কিরাআত পড়েননি। মুসলিমরা রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম এর ইকতিদা করলেন এবং রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম জিবরীল (আ.)-এর ইকতিদা করেন। তারপর তিনি সূর্যাস্ত পর্যন্ত অপেক্ষা করেন, অতঃপর তাদেরকে নিয়ে তিন রাআত নামায পড়েন। তিনি এর প্রথম দুই রাকআতে সশব্দে কিরাআত পড়েন এবং তৃতীয় রাকআতে সশব্দে কিরাআত পড়েননি। তারপর তিনি এক-তৃতীয়াংশ রাত অতিবাহিত হওয়া পর্যন্ত অপেক্ষা করেন, অতঃপর তাদেরকে নিয়ে চার রাকআত নামায পড়েন তিনি প্রথম দুই রাকআতে সশব্দে কিরাআত পড়েন এবং শেষ দুই রাকআতে সশব্দে কিরাআত পড়েননি। তারপর তিনি ফজর (সুবহে সাদেক) উদিত হওয়া পর্যন্ত অপেক্ষা করেন, অতঃপর তাদেরকে নিয়ে দুই রাআত নামায পড়েন এবং উভয় রাকআতে সশব্দে কিরাআত পড়েন।

হাদিসের মান: তাহকীক অপেক্ষমাণ পুনঃনিরীক্ষিত

---

পাবলিশারঃ ইসলামিক ফাউন্ডেশন  বর্ণনাকারীঃ আনাস ইবনু মালিক (রাঃ)

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=80786

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন